মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ২/শের/ ৮৯০৭ তারিখ : ১০/৪/১৮

বিষয় : বিদ্যালয়ের এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : তাঁর ২৮/০২/২০১৮ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিদ্যালয়ের নিয়মিত কমিটি গঠনকল্পে এডহক কমিটি গঠন করার জন্য অনুমতি প্রদান করা হলো।

বোর্ডের ম্যানেজিং কমিটি গঠন বিষয়ক প্রবিধানমালা, ২০০৯ এস.আর.ও নং- ৯৯/আইন/২০০৯-এর ৩৯(১)নং ধারা অনুযায়ী গঠিত এডহক কমিটিতে অন্তর্ভূক্তির জন্য নিম্নোক্ত কাগজপত্র অবিলম্বে এ অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। **উল্লেখ্য, এ কমিটির অনুমোদন প্রাপ্তির মেয়াদকালের মধ্যে নিয়মিত ম্যানেজিং কমিটি গঠন করতে ব্যর্থ হলে বিদ্যালয়ের অনুমতি/স্বীকৃতি বাতিলসহ শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদি বন্ধ করা হবে।**

১। সভাপতি মনোনয়নের জন্য জীবন-বৃত্তান্তসহ ৩ (তিন) জন ব্যক্তির নাম;

২। একজন অভিভাবক প্রতিনিধির নাম (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত);

৩। একজন শিক্ষক প্রতিনিধির নাম (জেলা শিক্ষা অফিসার কর্তৃক মনোনীত)।

স্বাঃ
বিদ্যালয় উপ-পরিদর্শক
পক্ষে- বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

প্রাপক : **প্রধান শিক্ষক**
ধানশাইল উচ্চ বিদ্যালয়
পোঃ- ধানশাইল বাজার, উপজেলা- ঝিনাইগাতী
জেলা : শেরপুর।

মেমো নং- ৮৯০৭(৩) তারিখ : ১০/৪/১৮

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর।
২। জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
৩। অফিস কপি।

বিদ্যালয় উপ-পরিদর্শক
পক্ষে- বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।